



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

1<sup>st</sup>. Term: Answer Worksheet - 3



**Class: 3**

**Subject: Bengali Text (নালসো পিঁপড়ের কথা)**

**Date : 4/7/2020**

১। নালসো পিঁপড়ের দেখতে কেমন ?

উ: পুরুষ নালসো পিঁপড়ের শরীরের রঙ কালো । এদের ডানা নেই । এরা লম্বায় প্রায় আধ ইঞ্চির মতো । রানি নালসো পিঁপড়ের শরীরের রঙ সবুজ । এদের ডানা আছে । এরা লম্বায় প্রায় এক ইঞ্চির মতো । শ্রমিক নালসো পিঁপড়ের ডানা থাকে না । গায়ের রঙ লাল । লম্বায় সিকি ইঞ্চি । এরা সংসারের সব কাজ করে । যুদ্ধের সময় এরা সৈনিকের কাজ করে ।

২। নালসো পিঁপড়েরা কোথায় কিভাবে বাসা বানায় ?

উ: আম, জাম, পাকুড় প্রভৃতি গাছে নালসো পিঁপড়ের দেখা যায় । এরা গাছের বড় বড় পাতা জুড়ে গাছের ডালে বাসা বানায় । এদের বাসা অনেকটা গোলাকৃতি । বাসার আকৃতি বেশ বড়সড়ো হয়। বাচ্চার মুখের লালার সাহায্যে সুতো বুনে এরা বাসা বানায় ।

৩। শ্রমিক নালসো পিঁপড়ের কাজ কী ?

উ: নালসো পিঁপড়ের পরিবারে পুরুষ ও রানি ছাড়াও শ্রমিক নালসো পিঁপড়ে দেখা যায় । এরা বাসার প্রায় সব কাজ করে । খাদ্য সংগ্রহ থেকে বাসা বানানো সবই কাজ এরা করে । যুদ্ধের সময় সৈনিকের কাজ এরা করে । রানি পিঁপড়ে ডিম পাড়লে ডিমের রক্ষণাবেক্ষণ করে । বাচ্চাদের দেখাশোনার কাজও এরা করে ।

৪। তোমার জানা যে কোন একটি উপকারী পতঙ্গের নাম লিখে তাদের সামান্য পরিচয় দাও ?

উ: মৌমাছি একটি উপকারী পতঙ্গ । মৌমাছি একপ্রকার দলবদ্ধ শ্রেণীর পতঙ্গ । এদের শরীর মাথা, বুক ও পেট নিয়ে গঠিত । মধু পান করার জন্য একটি নল থাকে । এরা যে বাসা তৈরি করে তাকে মৌচাক বলে । সাধারণত উঁচু গাছের ডালে এরা মৌচাক বানায় । ফুল থেকে মধু

সংগ্রহ করে মৌচাকে জমা করে । বিভিন্ন প্রকার ফুল থেকে মধু সংগ্রহের সময় তারা ফুলের  
পরাগ সংযোগও ঘটিয়ে থাকে ।

Manashi Chaudhuri